

কবিরহাট সরকারি কলেজ, নোয়াখালী

ডাকঘর+উপজেলাঃ কবিরহাট, জেলাঃ নোয়াখালী

নোটিশ

অত্র কলেজের নোটিশ

ডাকিছে তোমারে সুফিয়া কামাল এই বাংলার আকাশ- বাতাস, সাগর- গিরি ও নদী ডাকিছে তোমারে বঙ্গবন্ধু, ফিরিয়া আসিতে যদি হেরিতে এখনও মানবহৃদয়ে তোমার আসন পাতা এখনও মানুষ স্মরিছে তোমারে, মাতা- পিতা- বোন- ভ্রাতা। যত অসহায় অক্ষম আর উপেক্ষিতরা সব করুণ নয়নে হেরিছে এ- দেশ বিলাসের উৎসব শূন্য উদরে সুরম্য পথে চলিতে চলিতে তারা ভাবিছে তোমারে এ-দেশে আবার আসিয়া বসিল কারা? তোমার জীবন -যৌবন ভরি সুদীর্ঘ কারাবাস মুক্ত করিল, স্বাধীন করিল মুক্তির নিঃশ্বাস ত্যাজিয়া মানুষ বাংলার মাটি বাংলার এ- বাতাসে তোমারই দেওয়া মুক্তির বাণী জীবনের আশ্বাসে গাহিয়া উঠিল গান তোমার বিহনে ব্যাহত হয়েছে লক্ষ মানব প্রাণ। বাংলার গান, বাংলার ধান, বাঙালির খাদ্যকণা লুট হয়ে যায়, বিনিময়ে তার আসিয়াছে নকল সোনা। জাহাজ আসিছে, আসে সম্ভার যত মেকি ঝলমল সোনা চলে যায় সাগরের পাড়ে আবার গুঁধনুদল বাংলার বুকে হানা দিয়ে আসে, তোমার বঙ্গবন্ধু সেই মুষিকেরা লুকাইয়া ছিল অন্ধ গুহার ঘরে তারা আসে আজ, তোমার আওয়াজ ধ্বনিবে না আর বার যত বেঙ্গমান এই বাংলায় করেছিল ছারখার দিবস রাতে দস্যুর দল হানা দিয়ে ঘরে ঘরে নিতাই দেখি এখানে - সেখানে মৃতদেহ আছে পড়ে; তোমার শোণিতে রাঙানো এ- মাটি কাঁদিতেছে নিরবধি তাইতো তোমারে ডাকে বাংলার কানন, গিরি ও নদী।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

কবিরহাট সরকারি কলেজ, নোয়াখালী।

ডাকঘর: কবিরহাট, উপজেলা: কবিরহাট, জেলা: নোয়াখালী।

টেলিফোন নং-০৩২৩২ ৪৩১০১, মোবাইল নং-০১৩০৯১০৭৬৫৫, ই-মেইল- Kabirhat_govt.college@gmail.com, ওয়েব সাইট নং www.kabirhatgovcollege.edu.bd



তারিখ: ০২.০৮.২০২৩

বিজ্ঞপ্তি

কবিরহাট সরকারি কলেজে অধ্যয়নরত ছাত্রছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদাত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস-২০২৩' পালন উপলক্ষে রচনা ও কবিতা আবৃত্তি প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। নিম্নোক্ত বিষয়ের উপর অংশগ্রহণে আগ্রহীদের নিকট থেকে রচনা আহ্বান করা যাচ্ছে।

ক) রচনা প্রতিযোগিতার বিষয়: 'আমার চোখে বঙ্গবন্ধু'

রচনা জমা দেওয়ার শেষ তারিখ: ১০.০৮.২০২৩

খ) কবিতার নাম: ডাকিছে তোমারে -কবি সুফিয়া কামাল।

কবিতাটি অত্র কলেজের নোটিশ বোর্ড ও কলেজের ওয়েবসাইটে পাওয়া যাবে।

কবিতা আবৃত্তি অনুষ্ঠিত হবে ০৯.০৮.২০২৩ তারিখ, দুপুর ১.০০ টায় (গ্রন্থাগার ভবন, ১০১ নং রুম)।

শর্তাবলীঃ

১। রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে উভয় পৃষ্ঠায় লিখে জমা দিতে হবে।

২। প্রত্যেক প্রতিযোগীর আলাদা টপসিটে নাম, পিতার নাম, মাতার নাম, শ্রেণি, রোলনং, বিভাগ, মোবাইল নম্বর ও ঠিকানা অবশ্যই উল্লেখ করতে হবে।

৩। রচনার শব্দসংখ্যা- ১০০০। নির্ধারিত সীমার অধিক হলে তা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।

এ সংক্রান্ত সকল তথ্য পরামর্শের জন্য অত্র কলেজের জনাব ওয়াকিন আক্তার, প্রভাষক, বাংলা বিভাগ এর সাথে যোগাযোগ করার জন্য এবং রচনা তাঁর নিকট জমা দানের জন্য নির্দেশ দেয়া গেল।

কবিরহাট সরকারি কলেজ
কবিরহাট, নোয়াখালী।

প্রফেসর মোহাম্মদ ইসমাইল হোসেন
আইডি নং-৯৬৯৯
অধ্যক্ষ
কবিরহাট সরকারি কলেজ, নোয়াখালী

facebook: Kabirhat Govt. College, Noakhali/ Mmh Shaiful/ ওয়েবসাইট: kabirhatgovcollege.edu.bd